# বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত
## বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৩

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ০৬ আগস্ট, ১৯৭৫ তারিখে ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চার ক্ষেত্রে যারা বিশেষ অবদান রেখেছেন বা রাখছেন তাঁদের ও তাঁদের উপর নির্ভরশীলদের কল্যাণার্থে "বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন" প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লালিত স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে "বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন)" এর মাধ্যমে "বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন" প্রতিষ্ঠিত হয়েছে। উল্লিখিত আইনের ধারা ৭ এর (ক) উপধারায় ফাউন্ডেশন কর্তৃক নীতিমালা প্রণয়নের মাধ্যমে অসুস্থ, আহত ও অসচ্ছল ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য মাসিক অনুদান, চিকিৎসা সহায়তা, ক্রীড়াক্ষেত্রে অসামান্য অবদানের জন্য পুরস্কার, দক্ষতার উৎকর্ষ সাধনের জন্য আর্থিক সহায়তা এবং পরিবারের মেধাবী সদস্যকে শিক্ষার জন্য বৃত্তি প্রদানের বিধান রয়েছে। উল্লিখিত বিধান অনুযায়ী বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের নিমিত্ত এই নীতিমালা প্রণয়ন করা হল।

১। সংক্ষিপ্ত শিরোনামঃ এই নীতিমালা বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত, বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৩ নামে অভিহিত হবে।

২। সংজ্ঞাঃ

(ক) 'আইন' অর্থ 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন);

(খ) 'শিক্ষার্থী' অর্থ ৫ম শ্রেণী হতে স্নাতক পর্যায়ের ক্রীড়াক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের বুঝাবে।

(গ) 'পরিবার' অর্থ-

(১) ক্রীড়াসেবী পুরুষ হলে, তাঁর স্ত্রী এবং মহিলা হলে, তাঁর স্বামী; এবং

(২) ক্রীড়াসেবীর সাথে একত্রে বসবাসরত এবং তাঁর উপর আর্থিকভাবে নির্ভরশীল সন্তান, পিতা, মাতা, নাবালক ভাই এবং অবিবাহিতা, তালাকপ্রাপ্তা বা বিধবা কন্যা বা বোন।

(ঘ) 'বোর্ড' অর্থ 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ আইন, ২০১১' এর ৬ ধারায় বর্ণিত 'পরিচালনা বোর্ড'।

৩। আবেদনকারীর যোগ্যতাঃ

(ক) নাগরিকত্বঃ বাংলাদেশে বসবাসকারী স্থায়ী নাগরিক হতে হবে;

(খ) ক্রীড়া ক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী ৫ম শ্রেণী হতে স্নাতক পর্যায়ের শিক্ষার্থী;

৪। বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তিঃ

(ক) ৫ম শ্রেণী হতে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে বাৎসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে।

(খ) একাদশ শ্রেণী হতে স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বাৎসরিক ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা শিক্ষা বৃত্তি প্রদান করা হবে।

(গ) শিক্ষার্থী বা তার পরিবারের সদস্যের নামে ব্যাংক হিসাবের মাধ্যমে মাসিক/এককালীন ভিত্তিতে অথবা চেকের মাধ্যমে বৃত্তির অর্থ পরিশোধ করা হবে;

৫। আবেদন পদ্ধতিঃ

(১) ফাউন্ডেশন বৃত্তি প্রদানের জন্য বহুল প্রচারিত দুইটি বাংলা দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ফাউন্ডেশনের ওয়েবসাইটেও বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

(২) আগ্রহী শিক্ষার্থীগণ নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয় বা ফাউন্ডেশনের ওয়েবসাইটে নির্দিষ্ট সেবাবক্সে প্রবেশ

করে ছবি, জাতীয় পরিচয়পত্র এবং ক্রীড়াক্ষেত্রে অবদানের সমর্থনে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নসহ নির্ধারিত ছকে অনলাইনে / সরাসরি আবেদন করবেন;

(৩) একজন শিক্ষার্থী একের অধিক আবেদন করতে পারবেন না।

৬। আবেদন পত্র বাছাই প্রক্রিয়াঃ

(১) জেলা কমিটির সদস্য-সচিব জেলা ক্রীড়া অফিসার অনলাইনে প্রাপ্ত তাঁর জেলার সকল আবেদন ডাউনলোড করে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন। জেলা কমিটির সভায় প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালায় উল্লিখিত যোগ্যতার মানদন্ডের নিরিখে যাচাই-বাছাই করতঃ প্রাপ্যতার অগ্রাধিকার নির্ধারণ করবেন। জেলা প্রশাসক/জেলা ক্রীড়া অফিসার সভার কার্যবিবরণীসহ অগ্রাধিকার তালিকা অনলাইনে ফাউন্ডেশনে প্রেরণ করবেন;

(২) জেলা বাছাই কমিটিসমূহের নিকট হতে প্রাপ্ত অগ্রাধিকার তালিকা এবং জেলা ক্রীড়া সংস্থা/ফেডারেশন/এসোসিয়েশন/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সুপারিশসহ সরাসরি প্রাপ্ত আবেদনগুলো তহবিলের পর্যাপ্ততা ও যোগ্যতার মানদন্ডের নিরিখে চূড়ান্তকরণ কমিটি উপযুক্ত শিক্ষার্থী নির্বাচনপূর্বক অনুমোদনের জন্য পরিচালনা বোর্ড সভায় সুপারিশ করবেন;

(৩) পরিচালনা বোর্ডের সভায় সুপারিশকৃত আবেদনপত্রগুলোর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন;

৭। পরিবীক্ষণ ও মুল্যায়নঃ

(ক) কৃতি ক্রীড়া শিক্ষার্থীদের বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন/পরিবর্তন ও পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য মন্ত্রণালয় ও ফাউন্ডেশনের কর্মকর্তাদের সমন্বয়ে ফাউন্ডেশন একটি পরিবীক্ষণ ও মুল্যায়ন কমিটি গঠন করবে;

(খ) ক্রীড়া ফেডারেশন সমন্বয় কমিটি ও জেলা কমিটির সদস্যগণ এবং পরিবীক্ষণ ও মুল্যায়ন কমিটির কর্মকর্তাবৃন্দ কর্মসূচির নিয়মিত পরিবীক্ষণ ও মুল্যায়ন করবেন এবং

(গ) জেলা ক্রীড়া অফিসারগণ প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন ফাউন্ডেশনে প্রেরণ করবেন।

৮। জেলা যাচাই - বাছাই কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২। পুলিশ সুপার | - | সহ-সভাপতি |
| ৩। অধ্যক্ষ, জেলা সদরে অবস্থিত সরকারি কলেজ | - | সদস্য |
| ৪। জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| ৬। উপপরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ, স্থানীয় পাবলিক বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| ৭। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা | - | সদস্য |
| ৮। সাধারণ সম্পাদক, জেলা মহিলা ক্রীড়া সংস্থা | - | সদস্য |
| ৯-১০। জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০১ (এক) জন সাবেক ক্রীড়াবিদ ও ০১ (এক) জন ক্রীড়া সংগঠক (অন্যূন একজন নারী) | - | সদস্য |
| ১১। জেলা ক্রীড়া অফিসার | - | সদস্য-সচিব |

কার্যাবলি

(১) অনলাইনে প্রাপ্ত ক্রীড়াসেবীদের তথ্য কমিটির সভায় যাচাই-বাছাই করে ফাউন্ডেশনে প্রেরণ ;

(২) বৃত্তি প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইক্রমে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করতঃ সুপারিশসহ ফাউন্ডেশনে প্রেরণ এবং

(৩) কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও তত্ত্বাবধান।

৯। ক্রীড়া শিক্ষা বৃত্তি চূড়ান্তকরণ কমিটি।

| | | |
|---|---|---|
| ১। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | সভাপতি |
| ২। উপসচিব (ক্রীড়া-১) , যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩। প্রতিনিধি , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার নীচে নয়) | - | সদস্য |
| ৪। প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার নীচে নয়) | - | সদস্য |
| ৫। প্রতিনিধি , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার নীচে নয়) | - | সদস্য |
| ৬। প্রতিনিধি, ক্রীড়া পরিদপ্তর (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয় ) | - | সদস্য |
| ৭। প্রতিনিধি, বিকেএসপি (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয়) | - | সদস্য |
| ৮। প্রতিনিধি, জাতীয় ক্রীড়া পরিষদ (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয়) | - | সদস্য |
| ৯। সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা | - | সদস্য |
| ১০-১২। ফাউন্ডেশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত ১(এক) জন জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত ক্রীড়াবিদ ও ০২ (দুই) জন বিশিষ্ট ক্রীড়া সংগঠক | - | সদস্য |
| ১৩। সম্পাদক, ক্রীড়াজগত, জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য |
| ১৪। নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | সদস্য সচিব |

কার্যাবলি

(১) জেলা কমিটি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত সনদ/তথ্যসমূহ যাচাই-বাছাইপূর্বক বোর্ড সভার অনুমোদনের জন্য সুপারিশসহ উপস্থাপন এবং

(২) জেলা কমিটি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের অগ্রাধিকার তালিকা সুপারিশকৃত বৃত্তির আবেদনসমূহ তহবিলের পর্যাপ্ততা ও যোগ্যতার নিরিখে যাচাই-বাছাই পূর্বক উপযুক্ত সংখ্যক আবেদনকারীকে নির্বাচন করতঃ বোর্ড সভার অনুমোদনের জন্য উপস্থাপন।

১০। বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রাপ্তির অযোগ্যতাঃ

(১) অনিয়মিত শিক্ষার্থী হলে; এবং

(২) যথাযথ কর্তৃপক্ষের সনদ সংযুক্ত না থাকলে;

১১। ব্যতিক্রমঃ

এই নীতিমালা অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় ফাউন্ডেশনের বোর্ড সভায় গ্রহীত সিদ্ধান্তেরভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

১২। নীতিমালা সংশোধনঃ

ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে এই নীতিমালা সংশোধন/পরিবর্তন/সংযোজন ও পরিমার্জন করা যাবে।

১৩। কার্যকরঃ

এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।

ড. মহিউদ্দীন আহমেদ
সচিব